আজকের কাগজ

তারিখ 12 JUL 1996
পৃষ্ঠা ২ কলাম ৮

ঢাকা মেডিক্যাল কলেজে সন্ত্রাস

# বিএনপি মহাসচিব দায়ী করলেন ছাত্রলীগকে

কাগজ প্রতিবেদক ঃ ঢাকা মেডিক্যাল কলেজে গতকালের সংঘটিত সন্ত্রাসী কর্মকাণ্ডের জন্যে বিএনপি মহাসচিব আব্দুল মান্নান ভুঁইয়া এক বিবৃতিতে ছাত্রলীগ (শা-পা)কে দায়ী করেছেন। বিবৃতিতে তিনি উক্ত ঘটনায় তীব্র নিন্দা জানিয়ে অবিলম্বে ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেফতারের দাবি জানান। বিএনপি নেতা তার বিবৃতিতে উক্ত ঘটনায় কলেজ প্রশাসন কোনো রকম ব্যবস্থা নেয়নি বলে অভিযোগ করেন। তিনি বলেন, কলেজ ছাত্র সংসদের নেতাদের পরামর্শ ও অনুরোধ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হলে এতো ছাত্র আহত হতো না।

জাতীয়তাবাদী যুবদলের সভাপতি মির্জা আব্বাস ও সাধারণ সম্পাদক গয়েশ্বর চন্দ্র রায় এবং জাতীয়তাবাদী কৃষক দলের সাধারণ সম্পাদক শামসুজ্জামান দুদু পৃথক পৃথক বিবৃতিতে ঢাকা মেডিক্যাল কলেজের সন্ত্রাসী ঘটনায় তীব্র নিন্দা ও উদ্বেগ প্রকাশ করেন। তাঁরা অবিলম্বে এই ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেফতার ও বিচার দাবি করেন।